


উপজেলা সমবায় কার্যালয়, ইটনা, কিশোরগঞ্জ এর নেতৃত্বক্তা কমিটির সভার কার্যরিচারণী

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, ইটনা।

তারিখঃ ১১/০৯/২০২২ খ্রি।

সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের স্বাক্ষরঃ

ক্রঃনং	কর্মকর্তার/কর্মচারীর নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১.	মাহফুজুল আমিন, উপজেলা সমবায় অফিসার	আহবায়ক	
২.	মোহাম্মদ ইসলাম উদ্দিন, সহকারী পরিদর্শক	সদস্য	
৩.	মোঃ আসলাম হোসেন, সহকারী পরিদর্শক	সদস্য	
৪.	পার্থ সারথি বনিক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	সদস্য	

আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রণয়ন, বরাদ্দ প্রদানের প্রস্তাবনা প্রেরণ ও বাজেট বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৩। কর্মসূলে উপস্থিত ও স্থীয় দায়িত্ব পালন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

অদ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার মাহফুজুল আমিন সভাপতির আসন গ্রহণ করার পর সভার কাজ আরম্ভ করা হয়।


১। অদ্যকার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

২। অদ্যকার সভায় সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থ বছরের প্রাপ্ত বাজেট, সংশোধিত বাজেট, এ পর্যন্ত ব্যয় এবং জুন, ২০২৩ পর্যন্ত চাহিদা উপস্থাপন করার জন্য অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব পার্থ সারথি বনিক কে অনুরোধ করলে তিনি এ সংক্রান্ত একটি খসড়া উপস্থাপন করেন। উপস্থাপিত খসড়ার উপর বিস্তারিত যাচাই-বাচাই শেষে সর্ব সম্মতিক্রমে ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রণয়ন করা হয় এবং প্রাপ্ত বরাদ্দ ও ব্যয়ের হিসাব সঠিক বিবেচনায় জুন, ২০২৩ পর্যন্ত চাহিদা মোতাবেক বরাদ্দ প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিবন্ধক ও মহাপরিচালক বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে জনাব পার্থ সারথি বনিক নথি উপস্থাপন করবেন।

৩। আলোচ্য সূচী মোতাবেক কর্মসূলে উপস্থিত ও স্থীয় দায়িত্ব সূচারূপে পালন বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয় সরকারী চাকুরী আইন, বিধিমালা ও নিয়মিত উপস্থিতি ইত্যাদি বিধান মোতবেক যথায়ীতি কর্মসূলে উপস্থিতি নিশ্চিত করতে এবং স্ব-স্ব দায়িত্ব সূচারূপে পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন। এই বিষয়ে কোন প্রকার অনিয়ম বা অবহেলা পরিলক্ষিত হলে তা পর্যন্তী সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য জনাব পার্থ সারথি বনিক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর অপমানক্ষম প্রস্তাবনা উপস্থাপন করবেন মর্মে সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৪। অদ্যকার সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব পার্থ সারথি বনিক কর্তৃক উপজেলা সমবায় কার্যালয়, ইটনা এর তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) এর যাবতীয় তথ্য নিয়মিত হালনাগাদ করার বিষয়ে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


সভাপতি
নেতৃত্বক্তা কমিটি ও
উপজেলা সমবায় অফিসার
ইটনা, কিশোরগঞ্জ।